

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
উন্নয়ন অধিশাখা-৭
প্রজ্ঞাপন

তারিখ ০৯ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ/২৪ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৬৭-আইন/২০১৫।—Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর অধীন প্রণীত সম্পত্তির সর্বনিম্ন বাজার মূল্য নির্ধারণ বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপ-বিধি (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্ধারণ করিল যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের গণপূর্ত অধিদপ্তরের ব্যবস্থাপনামূলক সম্পত্তির বাজার মূল্য হইবে উক্ত সম্পত্তির সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রার অফিসের স্থানীয় অধিক্ষেত্রের আওতাভুক্ত ব্যক্তিমালিকানাধীন সম্পত্তির জন্য ধার্যকৃত বাজার মূল্য।

২। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ৭ মার্চ ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৪৯-আইন/২০১১ এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন উহা জারীর তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সায়লা ফারজানা
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৬৬৫৩)

মূল্য : টাকা ৪.০০